

ছোটদের সহজ প্রোগ্রামিং শিক্ষায় প্রকাশিত হল বাংলা স্ক্র্যাচ বই

সংবাদ অনলাইন রিপোর্ট

: মঙ্গলবার, ০৬ সেপ্টেম্বর ২০২২



শিক্ষাব্যবস্থার প্রাথমিক পর্যায় থেকে শিক্ষার্থীদের মাঝে প্রোগ্রামিং চর্চাকে সহজ করার লক্ষ্যে “ছোটদের স্ক্র্যাচ প্রোগ্রামিং” শীর্ষক বই প্রকাশ করেছে বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক (বিডিওএসএন)। ইএমকে সেন্টার এর পৃষ্ঠপোষকতায় বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্কের উদ্যোগে পরিচালিত “স্ক্র্যাচ ফর টেক এডভান্সমেন্ট” নামে পাঁচ মাস মেয়াদী প্রকল্পের অংশ হিসেবে এই বই প্রকাশিত হল।

মূলত প্রোগ্রামিং ভাষাকে শিশুদের বোধগম্য উপায়ে তাদের কাছে উপস্থাপন করতে এই বই প্রকাশ করা হল। এই বইয়ের মাধ্যমে একইসাথে যেমন শিক্ষার্থীরা মজার উপায়ে প্রোগ্রামিং এর সাথে পরিচিত হতে পারবে তেমনি শিক্ষকরাও তাদের শিক্ষা কার্যক্রমকে আরো উপভোগ্য ও সহজবোধ্য করতে এই বইয়ের সহযোগিতা নিতে পারবেন বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।

আজ মঙ্গলবার রাজধানীর ইএমকে সেন্টারে বইয়ের প্রকাশনা উৎসবে উপস্থিত ছিলেন বিশিষ্ট লেখক ও শিক্ষাবিদ ড. মুহম্মদ জাফর ইকবাল, কম্পিউটার সার্ভিসেস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মমলুক ছাবির আহমেদ, বিডিওএসএন এর সাধারণ সম্পাদক মুনির হাসান, ঢাকা

বিশ্ববিদ্যালয়ের ইন্সটিটিউট অফ ইনফরমেশন টেকনোলজি এর সহযোগী অধ্যাপক ড. বি এম মাইনুল হোসেন, তাম্বলিপি প্রকাশনীর প্রকাশক এ কে এম তরিকুল ইসলাম রনি প্রমুখ।

ড. মুহম্মদ জাফর ইকবাল বলেন, ‘আমি অত্যন্ত খুশি হয়েছি যে আমাদের বাচ্চাদের প্রোগ্রামিং দক্ষতা তৈরী করতে তাদের শৈশবকালকে বেছে নিয়েছে বিডিওএসএন। স্কুল পর্যায় থেকে যৌক্তিক চিন্তা করার পদ্ধতি তাদের প্রবলেম সলভার হিসেবে গড়ে তুলবে। আজ আমাদের জন্য খুব আনন্দের দিন যে তৃতীয় শ্রেণীর বাচ্চাদের প্রোগ্রামিং শেখানোর জন্য যে প্ল্যাটফর্ম দরকার তা তৈরীর সব উপকরণ এখন আমাদের আছে।’

ইএমকে সেন্টারের সহযোগিতায় ও বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্কের উদ্যোগে প্রকাশিত এই বইটি দেশের অন্যান্য প্রাথমিক বিদ্যালয়গুলোতে প্রোগ্রামিং শিক্ষাকার্যক্রমের সহায়ক হবে এবং দেশের সকল স্তরের প্রাথমিক শিক্ষার্থীদের মাঝে প্রোগ্রামিং ভীতি দূর করে জটিল সমস্যা সমাধানে আগ্রহী করে তুলবে।

বই প্রকাশের মধ্য দিয়ে পাঁচমাস মেয়াদী প্রকল্পের সমাপ্তি হয় যার মাধ্যমে দেশের অন্যান্য প্রতিষ্ঠানের শিক্ষক এবং শিক্ষার্থীরাও প্রোগ্রামিং ভাষার সাথে পরিচিত হবার সুবিধা পাবে।